গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৭.১৫-২৫৪ তারিখঃ ০৪ জুন, ২০১৫ / ২১ জৈষ্ঠ্য, ১৪২২

বিষয়ঃ ঢেউটিন ও গৃহবাবদ মঞ্জুরী খাতে বরাদ্দ প্রসংগে।

সূত্রঃ জেলা প্রশাসক, চাঁদপুর এর স্মারক নং-৫১.০১.১৩০০.০৪১.০৫.০০৫.২০১৫-৩৪০ তারিখঃ ২৮/০৪/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার মতলব দক্ষিণ উপজেলায় অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ১৮টি পরিবারের দোকানঘর পুনঃ নির্মাণের লক্ষ্যে প্রতিটি পরিবারকে ০২ বান্ডিল করে মোট ৩৬ (ছত্রিশ) বান্ডিল ঢেউটিন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রিজার্ভ হতে জেলা প্রশাসক,চাঁদপুর এর অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য তাঁর বরাবর মঞ্জুরী প্রদান করা হলো। একই সাথে গৃহনির্মাণ ব্যয় বাবদ এ মন্ত্রণালয়ের বাজেটের গৃহ মঞ্জুরী খাত হতে (৫৯০০ সাহায্য মঞ্জুরী ৫৯০৭ গৃহবাবদ মঞ্জুরী) প্রতি বান্ডিল ঢেউটিনের সাথে ৩,০০০ /- টাকা হারে বিতরণের লক্ষ্যে মোট (৩৬ বান্ডিল x৩০০০/-টাকা)= ১,০৮,০০০/- (এক লক্ষ আট হাজার) টাকা নিম্নবর্ণিত শর্তে জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্যও তাঁর বরাবর ছাড় করা হলো। ঢেউটিন ও গৃহনির্মাণ ব্যয় বাবদ অর্থ নিম্নেবর্ণিত শর্তাবলী অনুসরন করে বিতরন করতে হবেঃ

ক) ঢেউটিন বরাদ্দ প্রাপ্ত প্রাপক/প্রতিষ্ঠানের নিজস্ব জায়গা থাকতে হবে।
খ) ঢেউটিন বিতরণের সাথে আবশ্যিকভাবে বান্ডিল প্রতি ৩,০০০/- টাকা হারে নগদ টাকা ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে।
গ) বরাদ্দকৃত টাকা ঢেউটিন বিতরণ ব্যতীত অন্যভাবে বিতরণ করা যাবে না।

২। মঞ্জুরীকৃত গৃহবাবদ ব্যয় চলতি ২০১৪-১৫ অর্থ বছরে ০৩-৪৯০৩ ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০১-ত্রাণ কার্যক্রম-সাধারণ-৫৯০০-সাহায্য মঞ্জুরী-৫৯০৭-গৃহবাবদ মঞ্জুরী খাত হতে নির্বাহ হবে।

৩। সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাদ্দকৃত ঢেউটিন ও গৃহবাবদ মঞ্জুরী বিতরণে সংশ্লিষ্ট নির্দেশিকা ও সরকারী বিধি-বিধান পালন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)
ফোন-৯৫৪০১৭৯
email:sasreliefprog1@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৭.১৫-২৫৪/১(৯) তারিখ: ০৪-০৬-২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চাঁদপুর।
৪। উপ-সচিব(বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আ: গনি রোড, ঢাকা।
৭। সিস্টেমস এনালিষ্ট (আইসিটি সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। তাকে এ আদেশটি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর ওয়েবসাইটে Upload করার জন্য অনুরোধ করা হল।
৮। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এঁর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্হাপনা ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা (এনডিআরসিসি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। পত্রটি প্রাপকের বরাবর ফ্যাক্স/ই-মেইলে প্রেরণের অনুরোধসহ।

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)

Fin & Cash buraddo (Letter) 421 14 007 15